

💵 কিতাবুত তাওহীদ

বিভাগ/অধ্যায়ঃ ১ হতে ৬৭ তম অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মদ বিন আব্দুল ওহহাব

৩৬ - রিয়া (প্রদর্শনেচ্ছা) প্রসংগে শরিয়তের বিধান

আল্লাহ তাআলা এরশাদ করেছেন,

قُلْ إِنَّمَا أَنَا بَشَرٌ مِثْلُكُمْ يُوحَى إِلَيَّ أَنَّمَا إِلَهُكُمْ إِلَهٌ وَاحِدٌ. (الكهف:٥٤٥)

"[হে মুহাম্মদ], আপনি বলে দিন, আমি তোমাদের মতই একজন মানুষ। আমার নিকট এ মর্মে অহী পাঠানো হয় যে, তোমাদের ইলাহই একক ইলাহ।" (কাহাফ: ১১০)

২। আবু হুরায়রা (রাঃ) থেকে 'মারফু' হাদীসে বর্ণিত আছে, আল্লাহ তাআলা বলেন,

াঁ। বিষ্ণা আমি আংশীদারদের শিরক (তথাং অংশিদারিত্ব) থেকে সম্পূর্ণ মুক্ত। যে ব্যক্তি কোন কাজ করে ঐ কাজে আমার সাথে অন্য কাউকে শরিক করে, আমি [ঐ] ব্যক্তিকে এবং শিরককে [অংশীদারকে ও অংশিদারিত্বকে] প্রত্যাখ্যান কির।" (মুসলিম)

৩। আবু সাঈদ (রাঃ) থেকে অন্য এক 'মারফু' হাদীসে বর্ণিত আছে,

ألا أخبركم بما هو أخوف عليكم عندي من المسيح الدجال؟ قالوا: بلى، قال: الشرك الخفي يقوم الرجل فيصلى فيزين صلاته، لما يرى من نظر رجل. (رواه أحمد)

"আমি কি তোমাদের এমন বিষয়ে সংবাদ দেব না? যে বিষয়টি আমার কাছে 'মসীহ দাজ্জালের' চেয়েও ভয়ঙ্কর?" সাহাবায়ে কেরাম বললেন, হাঁ। তিনি বললেন, 'তা হচ্ছে 'শিরকে খফী' বা গুপু শিরক। । [আর এর উদাহরণ হচ্ছে] একজন মানুষ দাঁড়িয়ে শুধু এ জন্যই তার নামাজকে খুব সুন্দরভাবে আদায় করে যে, কোন মানুষ তার নামাজ দেখছে [বলে সে মনে করছে]। (আহমাদ)

- এ অধ্যায় থেকে নিম্নোক্ত বিষয়গুলো জানা যায়
- ১। সুরা কাহাফের ১১০ নং আয়াতের তাফসীর।
- ২। নেক আমল প্রত্যাখ্যাত হওয়ার ক্ষেত্রে সবচেয়ে মারাত্মক ত্রুটি হচ্ছে উক্ত নেক কাজ করতে গিয়ে আল্লাহ ছাড়ও অন্যকে খুশী করার নিয়ত।
- ৩। এর [অর্থাৎ শিরক মিশ্রিত নেক আমল প্রত্যাখ্যাত হওয়ার] অনিবার্য কারণ হচ্ছে, আল্লাহর কারো মুখাপেক্ষী না হওয়া। [এ জন্য গাইরুল াহ মিশ্রিত কোন আমল তাঁর প্রয়োজন নেই।]
- ৪। আরো একটি কারণ হচ্ছে, আল্লাহ তাআলার সাথে যাদেরকে শরিক করা হয়, তাদের সকলের চেয়ে আল্লাহ বহুগুণে উত্তম।



- ৫। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল**াম এর অন্তরে রিয়ার ব্যাপারে সাহাবা**য়ে কেরামের উপর ভয় ও আশংকা।
- ৬। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল*াম রিয়ার ব্যাখ্যা এভাবে দিয়েছেন যে*, একজন মানুষ মূলত নামাজ আদায় করবে আল্ল*াহরই জন্যে*। তবে নামাজকে সুন্দরভাবে আদায় করবে শুধু এজন্য যে, সে মনে করে কোন মানুষ তার নামাজ দেখছে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5112

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন